

জানেনা কোন ধনি,  
কোথা সে গুণ-মণি  
শুনলো বায়ুস্বনি,  
ডাকিছে রাখা গানে ।  
বদি না পাই সপি, মিলিতে প্রিয়-সাথে  
কি সুখ বেঁচে আর বাদল-ঘন-রাতে !

শ্রীভাগ্যধর চাউলে,  
২য় বর্ষ,  
বিজ্ঞান বিভাগ (ক)

## শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর ।

হে কবি, অজানা কোন্ দূর দেশ হতে  
আসিলে নামিয়া তুমি এ মূর জগতে  
হে ঐন্দ্রজালিক, এই ধরণীর ধূলি  
ফুটায়েছ ফুলে ফলে । স্ননিপুণ তুলি  
বুলায়ে বিশ্বের মুখ দিয়েছ রাঙিয়া  
নবতররূপে ; আজি দিয়েছ ভাঙিয়া  
ধরার জড়িমা যত ; তটিনী যেমন  
শ্যামলিয়া দুই কুল বহে অনুক্ষণ,  
ধরণীরে ধন্য করি হিল্লোলে হিল্লোলে,  
হে চিরতরুণ তব ভাবধারা চলে ।

বাজি ওঠে কপোতের ক্লাস্ত স্নিগ্ধ ডাকে  
 তোমার বীণার তার বিজুলীর হাঁকে ।  
 ঘনবন ছায়াতলে শীতল পুকুর  
 ছন্দে ছন্দে তব প্রাণ করি ভরপুর  
 পলে পলে তল্লীপরে মোহন পরশে  
 কতই মঞ্জুল গান বাজায় হরষে ।  
 তুমি ত মানুষ নহ, ওগো মহীয়ান্  
 আনিলে ওপার হতে কত নব তান  
 এ বিশ্বের সভাতলে ।

কবিগুরু, আমি

ও পদ কমল তলে ভক্তিভরে নমি  
 মনের মন্দিরে মোর, শ্রদ্ধা ভালবাসা  
 মিশাইয়া জীবনের আশা ও নিরাশা ।

শ্রীনরেন্দ্রনাথ ঘোষ,  
 দ্বিতীয় বার্ষিক শ্রেণী,  
 'খ' শাখা ।

-----